**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) শারদীয়া দুর্গোৎসবের আজ মহা অষ্টমী। মন্ডপে মন্ডপে আলোর রোশনাই-এ উৎসব মুখর গোটা রাজ্য।**

**(২) দুর্গোৎসবে রাজ্যে জনজাতি অধ্যুষিত এলাকাও উৎসব মুখর হয়ে উঠেছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নয়াদিল্লিতে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস) এক শতবর্ষ উদযাপনে অংশগ্রহণ করবেন ।**

**(৪) মহাঅষ্টমীর সন্ধ্যায় রাজ্যের বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ৩৬৩ মেগাওয়াট ।**

*******************************************

**Durga Puja Maha Ashtami :**

শারদীয়া দুর্গোৎসবের আজ মহা অষ্টমী।

#####Byte-DHAK DHOL #######

লোকাচার মেনে আজ সর্বত্র মহা অষ্টমীর পুজোর আয়োজন করা হয়। সন্ধ্যায় আলোর রোশনাই ও বর্ণাঢ্য সাজ-সজ্জার মধ্য দিয়ে সর্বত্র যেন প্রকাশিত হচ্ছে আনন্দ উৎসবেরেই রূপ রস সুর। মহাষ্টমীর সন্ধ্যায় রাজ্যের বিভিন্ন প্রান্তে সার্বজনীন পুজো মণ্ডপগুলোতে ধর্ম, বর্ণ সম্প্রদায় নির্বিশেষে অগণিত মানুষ ভিড় করেছেন। রাত যত গভীর হবে ভিড় ততই বাড়বে। রাজ্যে, বিশেষত রাজধানী আগরতলার সমস্ত রাজপথ জুড়ে এই মুহূর্তে দর্শনার্থীদের ঢল নেমেছে। দেবী দুর্গার মূর্তি-পুজো দর্শনে বেরিয়েছেন আবাল বৃদ্ধ বনিতা। আজ সকালে ধলেশ্বরে রামকৃষ্ণ মিশনে কুমারী পুজো করা হয়।

এই পুজোর বিশেষত্ব হলো কুমারী কন্যাকে দেবী মা জ্ঞানে পুজো করা। কুমারী পুজোর পর মন্ত্র উচ্চারনের মধ্য দিয়ে হয় পুষ্পাঞ্জলি প্রদান।

########Byte-ANJALI########

ত্রিপুরায় দুর্গাপুজোর এক বিশেষ উল্লেখ্য বিষয় হল - আগরতলার দুর্গা বাড়ির পুজো। সরকারি পৃষ্ঠপোষকতায় এখানে দুর্গা পুজো হয়। রাজ আমল থেকে রীতি মেনে ঐতিহ্যবাহী দুর্গা বাড়িতে দেবী দুর্গা পূজিত হন। সেখানে দেবী দুর্গা দশ হাতের পরিবর্তে রয়েছে দুই হাত। এছাড়া রাজাদের অস্ত্র সেখানে পুজিত হয়। পুরোহিত জানান, ত্রিপুরার মহারাজা কৃষ্ণ কিশোর মানিক্য উনবিংশ শতকে ত্রিপুরাতে দূর্গাপূজা প্রচলন করেছিলেন। কথিত যে, তৎকালীন মহারানী স্বপ্নের মধ্যে দেবীর দশ হাত দেখে ভয় পেয়ে গিয়েছিলেন। তখন রাজাদের কুল পুরোহিত বিধান দেন যে দেবীর দুই হাত দেখানো যাবে, বাকি আটটি হাত গুপ্ত থাকলেও অসুবিধা নেই। তখন থেকে দুই হাতের দুর্গা প্রতিমার পূজা হতে শুরু হল, দুর্গা বাড়ি মণ্ডপে। ১৯৪৯ সালে ত্রিপুরা ভারতে অন্তর্ভুক্ত হবার পর থেকে এই পূজার যাবতীয় দায়িত্ব ভার গ্রহণ করে রাজ্য সরকার।

#####Byte-DHAK DHOL #######

*********************************

**Puja-Police :**

পুলিশ সদর দপ্তর সুত্রে আজ সন্ধ্যায় জানানো হয়েছে, রাজ্যের সর্বত্র দুর্গোৎসব শান্তিপুর্নভাবে অতিবাহিত হচ্ছে। আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখার জন্য পর্যাপ্ত নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে।

*****************************

**Dhalai-Puja :**

ধলাই জেলায় এ বছর ২৫৮টি পুজোর আয়োজন করা হয়েছে। পুলিশ সুপার মিহির লাল দাস জানিয়েছেন, এই জেলার সর্বত্র ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আমবাসা, জহরনগর ও মনু এই তিনটি রেল ষ্টেশনে পুলিশের নজরদারি বাড়ানো হয়েছে।

********************************

**MP Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ দুপুরে ধর্মনগরের বিভিন্ন পূজা মণ্ডপ পরিদর্শন করেন। তিনি সেখানে বিধায়কদের পরামর্শ দেন পুজোর

দিনগুলিতে জিএসটি সম্পর্কিত লিফলেট তৈরি করে জনগণের মধ্যে বিতরণ করার জন্য।

আমাদের উত্তর জেলার প্রতিনিধি কৌস্তভ ভট্টাচার্য জানিয়েছেন, মহা অষ্টমীর আজ সন্ধ্যা ৬টার পর থেকে থেকে ধর্মনগর শহরে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি হচ্ছে।

*************************

**Durga Puja–Gomoti :**

দুর্গোৎসবে রাজ্যে জনজাতি অধ্যুষিত এলাকাও উৎসব মুখর হয়ে উঠেছে। গোমতি জেলায় মোট পূজা হচ্ছে ৩৫২টি। শহর এলাকায় ৩৮টি, গ্রামীণ এলাকায় ৩০৪টি ও জনজাতি এলাকায় পূজা হচ্ছে ১২টি। কিল্লা ব্লকে জমাতিয়া হদা সম্প্রদায়ের উদ্যোগে আয়োজিত দুর্গা প্রতিমাকে সাজানো হয়েছে জনজাতি সমাজের চিরাচরিত পোশাকে। কিল্লা ব্লকের বয়উং ক্লাবের পক্ষ থেকে দুস্থ:দের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। জমাতিয়া হদা সম্প্রদায়ের উদ্যোগে আঠারোভোলা বাজারে দুর্গা পূজা এবার ৪২তম বছর। পূজার চারদিন জমাতিয়া হদার ভক্তরা মন্ডপে কীর্তন পরিবেশন করে থাকেন। এদিকে, মাতাবাড়ি ব্লকের পূর্ব গর্জিছড়া দুর্গা পূজা কমিটি প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদির আহ্বানে ভোকাল ফর লোকাল কর্মসূচিকে গুরুত্ব দিয়ে মন্ডপ সাজিয়েছে। কিল্লা ব্লকে লাভস্টোরি বাজার, ছয়ঘরিয়া, হীরা পুর এলাকায় হিন্দু মুসলিম সম্প্রদায়ের সবাই মিলে পূজার উদ্যোগ নিয়েছে।

******************************

**Durga Puja–UNAKOTI :**

ঊনকোটি জেলায় এবছর শহর এলাকায় ৬১টি এবং গ্রামীণ এলাকায় ১৫৯টি পূজা হচ্ছে। আজ মহাষ্টমীর দিনে মন্ডপগুলোতে অষ্টমী ও নবমীর সন্ধিক্ষণে সন্ধিপূজা শাস্ত্রীয় বিধি-নিয়ম মেনে অনুষ্ঠিত হয়। কৈলাশহর রামকৃষ্ণ মিশনে কুমারী পূজা অনুষ্ঠিত হয়। কৈলাশহর ও কুমারঘাট সহ ঊনকোটি জেলার সর্বত্র আজ সন্ধ্যার পর থেকে রাজপথগুলোতে জনস্রোত বেড়ে

চলেছে। জনজাতি অধ্যুষিত এলাকায় অনেক মন্ডপে দেবী দুর্গা রিগনাই বা পাছড়া পরিহিতা।

****************************

**Durga Puja-South :**

দক্ষিণ জেলায় এবার বারোয়ারী পূজার সংখ্যা ২৭০টি। পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখর জানিয়েছেন, এবার শারদোৎসবের দিনগুলিতে শান্তি বজায় রাখার জন্য শান্তিরবাজার ও সাব্রুম মহকুমায় পুলিশের অভিযান চলছে। শান্তিরবাজারের দেশবন্ধু ক্লাব ও মনু নতুন বাজার ব্যবসায়ী কমিটি প্রয়াত সঙ্গীতশিল্পী জুবিন গর্গকে শ্রদ্ধা জানিয়ে তৈরি করেছে অস্থায়ী স্মৃতি স্মারক। শারদোৎসব উপলক্ষে কালীনগর মোটরস্ট্যান্ডে জলছত্র খোলা হয়েছে। সাব্রুমের হরিনা বাজারে পূজোমন্ডপে বসেছে শারদীয়ার জমজমাট সাহিত্য আড্ডা।

****************************

**Package Story-Durga Puja :**

আজ শারদীয় দুর্গোৎসবের মহাষ্টমীর পুজো। কথিত আছে আজকের তিথিতেই দেবী দুর্গা মহিষাসুর বধ করেছিলেন। যদিও তিথি-নির্ঘন্টের হিসেব ধরলে আজ বিকেল থেকে নবমী পুজোর ব্যস্ততা শুরু হয়ে গেছে। বারোয়ারী পুজোর পাশাপাশি দুর্গাবাড়ি, প্রভুবাড়িতেও একই ব্যতিক্রমহীন ছবি। তবে আগরতলার প্রভূবাড়ির পুজোর প্রতিটি নিয়ম পালন হয় বৈষ্ণব বিধি অনুসারে। একটি প্রতিবেদন।

########VC#######

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM-RSS :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নয়াদিল্লিতে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস)-এর শতবর্ষ উদযাপনে অংশগ্রহণ করবেন। শতবর্ষ উদযাপনে আরএসএসের উত্তরাধিকার, এর সাংস্কৃতিক অবদান এবং দেশের ঐক্যে সংঘের ভূমিকা তুলে ধরা হবে। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী জাতির প্রতি আরএসএসের অবদান তুলে ধরে বিশেষভাবে ডিজাইন করা স্মারক ডাকটিকিট এবং মুদ্রা প্রকাশ করবেন।

***************************

**Detain of drugs of 60 crore :**

আসাম রাইফেলস এর জোয়ানরা গতকাল রাতে মোহনপুরে একটি লরিতে তল্লাশি চালিয়ে প্রায় ৬০ কেজি ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেন। যার আন্তর্জাতিক বাজার মূল্য আনুমানিক ৬০ কোটি টাকা।

*****************************

**Package Story-SEVA PARV-REFORMS IN RAILWAYS :**

জনসেবা ও সুশাসনের ভাবনায় প্রভাবিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার রূপান্তর ও অগ্রগতির স্বার্থে নিরন্তর কাজ করে চলেছে। আজ এই বিশেষ সিরিজ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে

ধরছি কিভাবে মোদী সরকারের রেল সংস্কার ভারতের জীবনরেখাকে আধুনিক করছে, বিশ্বমানের যাতায়াত, নিরাপত্তা বৃদ্ধি এবং প্রতিটি নাগরিকের জন্য নিরবচ্ছিন্ন যোগাযোগ নিশ্চিত করছে। একটি প্রতিবেদন।

#######VC#######

**************************

**Power Situation :**

শারদ উৎসবে রাজ্যে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। আজ অষ্টমীর সন্ধ্যায় রাজ্যে বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ৩৬৩ মেগাওয়াট। ষষ্ঠীর সন্ধ্যায় বিদ্যুতের চাহিদা ছিল ৩২৩ দশমিক ৫ মেগাওয়াট, সপ্তমীর সন্ধ্যায় ছিল ৩৪৩ দশমিক ৯ মেগাওয়াট। বিদ্যুৎ নিগম সুত্রে এখবর জানা গেছে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় গোমতী ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া আগামীকাল ও দোসরা অক্টোবর বৃহস্পতিবার পশ্চিম জেলা, সিপাহীজলা, গোমতি ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস।

***************************